দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 02 APR 2016 ...
পৃষ্ঠা ... ১৩ ... কলাম ... ৫ ...

# বাকেরগঞ্জ কলেজে শিক্ষক সংকট লেখাপড়া ব্যাহত

■ বাকেরগঞ্জ (বরিশাল) সংবাদদাতা

সরকারি বাকেরগঞ্জ কলেজের শিক্ষা কার্যক্রম ভেঙে পড়ায় শিক্ষার্থীরা হতাশাগ্রস্ত হয়ে পড়েছে। কলেজটিতে ২৬টি পদের মধ্যে ১৪টি পদই খালি থাকায় ১২ জন শিক্ষক দ্বারা পাঠদান চলছে।

কলেজের নবাগত অধ্যক্ষ মো. ইউসুফ আলী বলেন, 'শিক্ষক সংকটের কারণে কলেজটির শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে। এভাবে চলতে থাকলে আগামীতে শিক্ষার্থী ভর্তি কমে যেতে পারে। এ কলেজে গত ৯ এপ্রিল আমি যোগদান করার পর এমন অবস্থা দেখে সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাছে লিখিত আকারে . ষয়গুলো অবহিত করেছি। ঊর্ধ্বতন ক.. কর্তারা মার্চের শেষের দিকে কলেজের শূন্য পদগুলোতে শিক্ষক দেয়ার কথা জানিয়েছেন। এছাড়া সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী মরহুম অধ্যক্ষ মো. ইউনুস খানের দেয়া ছাত্রাবাসটি বহিরাগতদের দখলে থাকায় কোনো শিক্ষার্থী বসবাস করতে পারছে না। বহিরাগতদের উচ্ছেদ করতে এরই মধ্যে নোটিস দেয়া হয়েছে।